আরামবাগে চাহিদা বাড়ছে ভেষজ আবিরের

অভিজিৎ মুখার্জী • আরামবাগ

শীতের আমেজ শেষ হওয়ার সাথে সাথে কোকিলের কুহুতান আর কৃষ্ণচূড়ার রঙে বসন্তের আগমনী ছড়িয়ে পড়েছে। চারদিকে একটাই বার্তা, বসন্ত এসে গেছে। আর তার জেরেই হুগলির আরামবাগ মহকুমার মানুষ এখন হোলি ও দোল উৎসবের জন্য প্রস্তুতি নিচ্ছেন। দোকানে দোকানে বিক্রেতারা রঙবেরঙের আবির ও রঙের পসার সাজিয়ে বসেছেন। ছোট থেকে বড় সকলেরই মনে এখন উৎসবে মেতে ওঠার আনন্দ। রাত পোহালেই বৃহস্পতিবার দোলযাত্রা। আর তাই এখন দোকানে দোকানে শেষ মুহূর্তের আবির ও রঙের কেনাকাটা চলছে। যদিও কয়েক বছর ধরে রঙ খেলার ব্যাপারে মানুষ অনেক সচেতন হয়ে উঠেছেন। এখন রাসায়নিক দিয়ে তৈরি রঙ ও আবির অনেকেই পছন্দ করেন না। কারণ এতে শরীরের চামড়ার সমস্যা দেখা দেয়। দু'দিনের আনন্দের জন্য অনেকেই আর অসুস্থতা ডেকে আনতে চান না। তাই রাসায়নিক রঙ ও আবিরের বাজারে এখন ভেষজ রঙ ও আবিরের ছড়াছড়ি। গত কয়েক বছর ধরেই এই চাহিদা বেড়ে চলেছে। ফুলের পাপড়ি ও পাতা দিয়ে তৈরি আবিরই এখন মানুষের বেশি পছন্দ। দাম একটু বেশি হলেও সুস্থতার জন্য এর বিকল্প নেই। রাসায়নিক রঙ ও আবিরের বাজারে এখন উৎসব থেকে দূরে সরে গিয়েছিলেন। এখন ভেষজ আবির ও রঙ বাজারে সহজলভ্য হয়ে ওঠায় তাঁরা আবার নতুন করে উৎসবের আনন্দ উপভোগ করছেন। এমনটাই জানালেন হুগলির আরামবাগ শহরের নিমতলা হকার্স কর্নারের ব্যবসায়ী জান মহম্মদ। তিনি দীর্ঘদিন ধরেই ওই এলাকায় আবির ও রঙ বিক্রি করে আসছেন। তিনি জানালেন, সাধারণ রঙ ও আবিরের চাহিদা আগের থেকে অনেকটাই কম। তবে মানুষ এখন ভেষজ রঙ ও আবিরের দিকেই ঝুঁকছেন। বিভিন্ন কোম্পানিও এখন প্রচুর পরিমাণে ভেষজ রঙ ও আবির তৈরি করছে। বাজারে যতবেশি বিক্রি হচ্ছে তত আসছে নতুন নতুন ব্যান্ড। ১০০ গ্রাম আবিরের দাম ৪০ টাকা থেকে ৬৫০ টাকা পর্যন্ত। জান মহম্মদ জানালেন, এবছর কিছু নতুন ব্যান্ডের ভেষজ আবির নিয়ে এসেছি। যেমন স্মোকার আবির ও সাউন্ড আবির। স্মোকার আবির সাধারণ মানুষের কাছে তুবড়ি আবির নামে পরিচিত। এটা অনেকটা তুবড়ির মতো। আবিরের মোড়কের মুখে আগুন ধরিয়ে দিলেই তুবড়ির মতো চারিদিকে আবির ছড়িয়ে পড়বে। এটি লাল, হলুদ, সবুজ, নীল ও বেগুনি এই পাঁচটি রঙে পাওয়া যায়। ছোটটির দাম ৫ টাকা, বড়টির ১০০ টাকা। অন্যদিকে সাউন্ড আবিরের ছোটটির দাম ৪০ টাকা, বড়টির দাম ১০০ টাকা। এগুলি স্প্রের মতো। টিপে ধরলেই স্প্রের মতো চারদিকে আবির ছড়িয়ে পড়বে। এগুলোও বিভিন্ন রঙের হয়। জান মহম্মদ আরও জানালেন, এছাড়াও আমরা বাড়িতেও কিছু ভেষজ আবির তৈরি করেছি। ফুলের পাপড়ি আর পাতা দিয়ে এই আবিরও বেশ সুগন্ধীযুক্ত। নিজেদের তৈরি হওয়ায় খরচও তুলনামূলকভাবে অনেকটা কম। অন্যদিকে আরামবাগ সিংপাড়ার ব্যবসায়ী অরুণ সিংহরায় ও অরূপ খাঁ জানালেন, গত বছর থেকেই ভেষজ আবিরের চাহিদা বেড়েছে। বেড়েছে ভেষজ রঙের বিক্রিও। কেউ কেউ ভেষজ জিনিস না বুঝলেও আগের তুলনায় চাহিদা বাড়ছে। অনেকেই রাসায়নিক আবির ও রঙ পছন্দ করছেন না। তাই এবছর ভেষজ রঙের চাহিদা আরও বাড়বে বলেই মনে হচ্ছে।

পাঁচ বছরের শিশুকন্যাকে খুন, যাবজ্জীবন বাবার

নিজস্ব সংবাদদাতা, চুঁচুড়া ঃ পাঁচবছরের কন্যা সন্তানকে খুন করার অভিযোগে বাবাকে যাবজ্জীবনের কারাদণ্ডের নির্দেশ দিল চুঁচুড়া আদালত। সাজাপ্রাপ্ত ওই বাবার নাম অশোক মুর্মু। বাড়ি হুগলির পোলবা থানার আখনা উড়িয়া পুকুরে। জানা গেছে, ২০১০ সালের ২৪ জুন রাতে অশোক মুর্মু তার স্ত্রী হীরার সঙ্গে বচসায় জড়িয়ে পড়ে। এরপর কাটারি দিয়ে স্ত্রীকে মারতে গেলে তিনি প্রাণভয়ে কোনওরকমে পালিয়ে যান। তখন বাড়িতে ঘুমিয়ে থাকা পাঁচবছরের একমাত্র মেয়ে টুকটুকিকে সেই কাটারি দিয়ে গলায় কোপ মেরে খুন করে অশোক। এরপর অশোক সেই কাটারি দিয়ে নিজের গলায় কোপ মেরে রক্তাক্ত অবস্থায় কাটারি নিয়ে বাড়ির কাছে মাঠে পেরিয়ে পাশের থানা মগরায় গিয়ে আত্মসমর্পণ করে। মগরা থানা বিষয়টি জানায় পোলবা থানাকে। এরপর পুলিশ পৌঁছে বাড়ির মেঝেতে টুকটুকির মৃতদেহ উদ্ধার করে। পরের দিন ২৫ জুন প্রতিবেশীরা পোলবা থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। পুলিশ গ্রেফতার করে অশোককে। নিজের মেয়েকে খুন করার অভিযোগে মামলা রুজু হয় চুঁচুড়া আদালতে। দীর্ঘ প্রায় ৮ বছর পর মঙ্গলবার চুঁচুড়া আদালতের অতিরিক্ত জেলা ও দায়রা ফাস্টট্রাক কোর্টের বিচারক শুভেন্দু সাহা অশোক মুর্মুর যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দেন। এই মামলায় সরকার পক্ষের আইনজীবী ছিলেন কল্যাণ ব্যানার্জী।

চোলাই মদ বিক্রি, গ্রেফতার এক

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ চোলাই মদের বিরুদ্ধে অভিযান চালিয়ে পুলিশ গ্রেফতার করল এক চোলাই বিক্রেতাকে। ধৃতের নাম গণেশ রায়। বাড়ি হুগলির গোঘাটের চণ্ডীপুর এলাকায়। সোমবার রাতে গোঘাট থানার পুলিশ চণ্ডীপুর ক্যানেলপুর এলাকায় মদ বিক্রি করার সময় তাকে গ্রেফতার করে। তার কাছ থেকে ২০ লিটার চোলাই মদ পাওয়া গেছে। পুলিশ জানিয়েছে, আগামী দিনে চোলাই মদের বিরুদ্ধে এই অভিযান চলবে।

জেলাশাসকের নির্দেশে চুঁচুড়ার তামলিপাড়া ফেরি সার্ভিস বন্ধ

নিজস্ব সংবাদদাতা, চুঁচুড়া ঃ এসওপি-র কাজ সম্পূর্ণ না হওয়া পর্যন্ত হুগলির চুঁচুড়ার তামলিপাড়া ফেরি সার্ভিস বন্ধ থাকবে। জেলাশাসকের নির্দেশে মঙ্গলবার থেকে ঘাটে এমনই নোটিশ ঝুলিয়েছে হুগলি-চুঁচুড়া পুরসভা। তামলিপাড়া ঘাট থেকে গঙ্গা পার হয়ে নৈহাটি পুরসভার গৌরীপুর-বৈষ্ণবপাড়া ঘাটে প্রতিদিন যাতায়াত করে কয়েক হাজার মানুষ। সম্প্রতি ওই ঘাট সংস্কারের কাজ শুরু হয়। সোমবার সেই কাজ খতিয়ে দেখতে গিয়েই সদর মহকুমাশাসকের চোখে পড়ে ঘাটের পাশ দিয়ে ঝুঁকিপূর্ণভাবে নৌকো চলাচল করছে। এই খবর তিনি জেলাশাসককে দিতেই হুগলির জেলাশাসক সঞ্জয় বনশাল ঘাট বন্ধের নির্দেশ দেন পুরসভাকে। সেই মতো মঙ্গলবার থেকে পুরসভা ওই ঘাটে নৌকো চলাচল বন্ধ করে দিল। যাত্রীদের সুবিধার্থে এই মর্মে নোটিশ ঝোলানো হয়েছে। ঘাটে সরকারি প্রকল্প এসওপি-র কাজ শেষ না হওয়া পর্যন্ত এই ঘাট দিয়ে নৌকা পারাপার বন্ধই থাকবে।

প্রিয়রঞ্জনের স্মরণে ফুটবল

নিজস্ব সংবাদদাতা, উত্তরপাড়া ঃ হুগলির উত্তরপাড়া ছাত্র-যুবর উদ্যোগে সর্বভারতীয় ফুটবল ফেডারেশনের প্রাক্তন সভাপতি প্রয়াত প্রিয়রঞ্জন দাশমুন্সীর স্মরণে অনুষ্ঠিত হল দু'দিনব্যাপী সারা বাংলা ফুটবল প্রতিযোগিতা। উত্তরপাড়ার মাখলা হাইস্কুল মাঠে আয়োজিত এই খেলায় বিভিন্ন জেলার ১৬টি ফুটবল ক্লাব অংশ নেয়। চূড়ান্ত পর্যায়ের খেলায় উত্তরপাড়ার ভদ্রকালীর আমরা সবাই ক্লাব ৩-১ গোলে পাল এন্টারপ্রাইজ দিঘা ফুটবল ক্লাবকে পরাজিত করে। চূড়ান্ত পর্বের এই খেলার আগে এলাকার প্রবীণ ভক্তদের নিয়ে একটি প্রদর্শনী ফুটবল খেলা অনুষ্ঠিত হয়। খেলা শেষে বিজয়ী ও পরাজিত দুই দলের খেলোয়াড়দের হাতে ট্রফি তুলে দেন কোন্নগর পুরসভা অধীর মুখার্জী, উত্তরপাড়া পুর সভাপতি সুস্মিতা সরকার, রাজ্য কিষান কংগ্রেসের চেয়ারম্যান তপন দাস, এসিপি সঞ্জীত ভট্টাচার্য, বিশিষ্ট সমাজসেবী মৌসুমী ভট্টাচার্য এবং আয়োজকদের পক্ষে ইন্দ্রজিত দেব ও গোপাল দে। ইন্দ্রজিতবাবু ও গোপালবাবু জানান, বাংলায় এই প্রথম প্রয়াত প্রিয়রঞ্জন দাশমুন্সীর স্মরণে একটি ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হল। খেলাধুলাপ্রেমি মানুষজন এই প্রতিযোগিতায় সবরকমভাবে সহযোগিতায় এগিয়ে এসেছেন।

আলুর বাজার না থাকায় মেলাতেও ভিড় নেই

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ হুগলির গোঘাটের কামারপুকুরে ঠাকুর শ্রীশ্রীরামকৃষ্ণদেবের জন্মতিথি উপলক্ষ্যে ঠাকুরের সাধনা ক্ষেত্র ভূতির থান শ্মশান মাঠে দীর্ঘদিন ধরে বৈদ্যনাথ লাহা মেলা আয়োজন করে আসছেন। বর্তমানে ৩টি ক্লাবের পরিচালনায় চলছে এই মেলা। ঠাকুরের ১৮৩তম জন্মতিথি উপলক্ষ্যে এক পক্ষকাল ব্যাপী মেলার সূচনা হয়েছে গত ১৭ ফেব্রুয়ারি। এখন চলছে শেষ মুহূর্তের কেনাবেচা। কিন্তু ক্রেতাদের সেই রকম আগমন এখনও ঘটেনি। একমাত্র রবিবারগুলি বেশ কিছু মানুষের ভিড় হয়েছিল। তাই দোকানদারদের মাথায় হাত। মেলা কমিটির পক্ষ থেকে অজিত বাড়ুই, সমীর ব্যানার্জী জানালেন, যে গোঘাট থানা সম্পূর্ণভাবে কৃষিভিত্তিক এলাকা। সবচেয়ে বড়ো অর্থকরী ফসল আলু। সেই আলু এখনও মাঠে। তার উপর গত বছরে চাষীরা কম দামের কারণে অনেকেই হিমঘর থেকে আলু ছাড়াতে পারেনি। এরফলে মানুষের হাতে পয়সা নেই। তাই মেলার ভিড় থাকলেও ক্রেতা হাতেগোনা। এবার সেভাবে মেলা জমে ওঠেনি। তার উপর এই মেলা সম্পূর্ণ তিথি নির্ভর, এই বছর ঠাকুর রামকৃষ্ণদেবের জন্মতিথি অনেকটাই এগিয়ে এসেছে। মেলাতে স্টল নিয়ে এসেছেন তাপস চক্রবর্তী। তিনি জানান, গত বছরের তুলনায় বিক্রির পরিমাণ অনেকটাই কম। আলুর প্রভাব যেমন আছে, তেমনি আছে খুচরো পয়সার প্রভাব। তুলনামূলকভাবে অন্য মেলার তুলনায় কামারপুকুরের মেলা কিছুটা হলেও ভালো। কিন্তু বেচাকেনা না হলে জায়গা ভাড়া,লাইট ভাড়া ও নিজেদের খাওয়ার খরচ কীভাবে চালাব।

সেই নিয়ে চিন্তায় আছি এবং এই মেলার নিরাপত্তা ব্যবস্থা এবং শৃঙ্খলা খুব ভালো। সম্পূর্ণ মেলা চত্বরটি সিসি ক্যামেরায় মোড়া রয়েছে। প্রচুর পরিমাণে পুলিশের ব্যবস্থা ও মেডিকেল ক্যাম্প রয়েছে। এই মেলা চলবে ২ মার্চ পর্যন্ত।

অ র্থিক প্রতারণা ঃ গ্রেফতার চার প্রতারক

নিজস্ব সংবাদদাতা, হুগলি ঃ রোজভ্যালি, সারদা কান্ডের পরও সাধারণ মানুষ কম সময়ে বেশি টাকা পাওয়ার আশায় প্রতারকদের পাতা জালে পা দিচ্ছে। এরকমই এক প্রতারক চক্রের চার প্রতারককে সোমবার গভীর রাতে ভদ্রকালী মহিলা ক্যাম্প থেকে গ্রেফতার করল হুগলির উত্তরপাড়া থানার পুলিশ। ধৃত চার প্রতারক প্রশান্ত সমাদ্দার, প্রসেনজিত সমাদ্দার, সঞ্জীব মজুমদার ও বিভুন সরকার। প্রত্যেকেই ভদ্রকালী মহিলা ক্যাম্পের বাসিন্দা। ধৃতদের মঙ্গলবার শ্রীরামপুর মহকুমা আদালতে তোলা হয়। পুলিশ সূত্রে জানা যায় ভদ্রকালী অঞ্চলের ১০ থেকে ১২ জন যুবক 'পরশ' নামে একটি সংস্থা খুলে এলাকার মানুষদের টোপ দেয়। কেউ তাদের সংস্থায় টাকা রাখলে বছরে ৩০ শতাংশ সুদ দেওয়া হবে। পাশাপাশি ঋণও দেওয়া হয় ২৪ শতাংশ চড়া সুদে। অধিকাংশ মানুষই এই সংস্থা থেকে ঋণ নেওয়ার পর শুধু সুদের টাকা মেটাতে গিয়েই সব খুইয়েছেন। কিন্তু কেউই থানায় কোনও অভিযোগ দায়ের করেননি। পুলিশের নজরে ছিল পুরো বিষয়টি। পুলিশ নিজেই উদ্যোগী হয়ে তদন্ত শুরু করে সোমবার রাতে ৪ প্রতারককে গ্রেফতার করে। জানা যায়, এই চক্রটি প্রায় কয়েক কোটি টাকার প্রতারণার সাথে জড়িত। ৩০০-র বেশি মানুষ প্রতারণার শিকার।

আরামবাগে দুটি অস্বাভাবিক মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ আরামবাগ মহকুমায় দুটি অস্বাভাবিক মৃত্যুর ঘটনা ঘটল। গলায় দড়ি দিয়ে আত্মঘাতী হয়েছেন সঞ্জয় দুলে (৩৫) নামে এক যুবক। তাঁর বাড়ি হুগলির আরামবাগ পৌর এলাকার নওপাড়ায়। জানা গেছে, মঙ্গলবার সকালে তিনি বাড়িতেই গলায় দড়ির ফাঁস লাগিয়ে ঝুলে পড়েছিলেন। পরিবারের লোক দেখতে পেয়ে তাঁকে উদ্ধার করে আরামবাগ মহকুমা হাসপাতালে নিয়ে যান। কিন্তু চিকিৎসকরা তাঁকে মৃত ঘোষণা করেন। অন্যদিকে বিষক্রিয়া মৃত্যু হয়েছে বিশ্বনাথ পাল (৩৫) নামে এক যুবকের। তাঁর বাড়ি আরামবাগের ষাটপুর গ্রামে। জানা গেছে, সোমবার বিকালে তিনি বিষপান করেন। পরিবারের লোক তাঁকে আরামবাগ মহকুমা হাসপাতালে নিয়ে যান। কিন্তু চিকিৎসা চলাকালীন রাতে তাঁর মৃত্যু হয়।

সামনে উৎসব, বেআইনি মদের বিরুদ্ধে অভিযান

নিজস্ব সংবাদদাতা, চন্দননগর ঃ সোমবার রাতে হুগলির চন্দননগর কমিশনারেটের চন্দননগর পৌরনিগমের বেশ কিছু জায়গায় তল্লাশি চালিয়ে কয়েকশ লিটার বেআইনি মদ উদ্ধার করা হয়েছে। এর সঙ্গে জড়িত থাকার অভিযোগে একজনকে আটক করা হয়েছে। এছাড়াও বেশ কয়েকটি মদের দোকানে অভিযান চালানো হয়। এই ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্য দেখা দেয়। চন্দননগর থানার ওসি স্বপন সিংহ ঠাকুর জানান, দোল ও হোলি উৎসবের দিনগুলিতে শান্তি শৃঙ্খলা বাজায় রাখার জন্য প্রশাসনিক বৈঠক করে এই অভিযান চালানো হয়েছে। প্রয়োজনে আবারও চালানো হবে। অন্যদিকে চন্দননগর মেয়র রাম চক্রবর্তী জানান, পৌরনিগমের সমস্ত কাউন্সিলর ও পুলিশ কমিশনারেটের আধিকারিকদের নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। ওই বৈঠকে স্থানীয় মানুষও যোগ দিয়েছিলেন। বেআইনি মদের দোকান বা কারবারি চললে সেখানে পুলিশি অভিযান চালানো হবে। চন্দননগর শহরে কোনওভাবেই উৎসবের দিনে অশান্তি তৈরি হতে দেওয়া যাবে না। এদিকে এই ঘটনায় এলাকার সাধারণ মানুষ সন্তোষ প্রকাশ করেছেন।

হিন্দমোটরে বহুভাষিক কবিতা সম্মেলন

নিজস্ব সংবাদদাতা, হিন্দমোটর ঃ বঙ্গীয় ভাষা সেতুর পক্ষ থেকে বহুভাষিক কবি সম্মেলন হয়ে গেল হুগলির হিন্দমোটর বইমেলায়। ডাঃ শহিদ ফারোগীকে সভাপতি করে ৩০জন কবি নানা রসের কবিতা পাঠ করেন। অতিথি হিসাবে উপস্থিত ছিলেন প্রবীণ সাংবাদিক সমীরণ মুখোপাধ্যায়, বাসুদেব দাস, শান্তা কর রায়, গোঁসাইচন্দ্র দাস, মেঘনাথ দাস প্রমুখ। ভাষা সেতুর পক্ষে মুরলী চৌধুরী আগত কবি সাহিত্যিকদের সম্মান জানান। সরস্বতী বন্দনা করেন আরতি সিং।

বাংলা, হিন্দু, উর্দু, রাজস্থানী ও ওড়িয়া ভাষায় কবিতা পাঠ করেন অনুপমা সিং, রূপালী বিশ্বাস, শ্রাবন্তী মণ্ডল, মিতালী বাগ প্রমুখ। কবিদের প্রতি সম্মানপত্র তুলে দেন ঘনশ্যাম মুখোপাধ্যায়।

"শিক্ষা হল সামাজিক সংস্কারের গুরুত্বপূর্ণ কাণ্ডারী"
ভারত-উপাসিকা ভগিনী নিবেদিতার জন্ম সার্ধশতবর্ষ উপলক্ষে
১ম গোঘাট গ্রন্থমেলা
স্থান ঃ কামারপুকুর শ্রীপুর মাঠ
তারিখ ঃ ৪ থেকে ১১ মার্চ, ২০১৮ ঃঃ সময় - দুপুর ২টো থেকে রাত্রি ৯টা
পরিচালনায় : গোঘাট গ্রন্থমেলা কমিটি
উদ্বোধক ঃ স্বামী লোকোত্তরানন্দজী মহারাজ (অধ্যক্ষ, কামারপুকুর মঠ ও মিশন)
সম্মাননীয় অতিথিবৃন্দ ঃ অরূপ বিশ্বাস (মন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার)
তপন দাশগুপ্ত (মন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার) মলয় ঘটক (মন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার)
অসীমা পাত্র(মন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার) ইন্দ্রনীল সেন (মন্ত্রী, পশ্চিমবঙ্গ সরকার)
অনুষ্ঠান সূচী
৪ই মার্চ, ২০১৮— উদ্বোধনী অনুষ্ঠান
সন্ধ্যা ৭টায়— সঙ্গীতানুষ্ঠান ঃ শিল্পী জিষ্ণুরায় (সারেগামাপা ২০১৭ চ্যাম্পিয়ান) চন্দ্রিমা ভট্টাচার্য (সারেগামাপা ২০১৭ চ্যাম্পিয়ান)
৫ই মার্চ, ২০১৮ ঃ বিকাল ৪টে ঃ আবৃত্তি— ব্রততী বন্দ্যোপাধ্যায়
সন্ধ্যা ৭টায় — নাটক 'ভদ্রগুপ্ত' (সম্পাদনা ও নির্দেশনা- বৈশিক চট্টোপাধ্যায়, পরিবেশ নায়- নিভা আর্টস)
৬ই মার্চ, ২০১৮ ঃ রুমা দাশ ও পু ভ অভিনীত যাত্রাপালা 'মা তুমিকার ?' পরিবেশ নায় প্রীতিভক্ত অপেরা।
৭ই মার্চ, ২০১৮ ঃ 'শ্রীখোল' পরিবেশ নায়— (হরেকৃষ্ণ), নাটক- অশ্বত্থামা
৮ই মার্চ, ২০১৮ ঃ বাংলা ব্যান্ড 'তুমি'
৯ই মার্চ, ২০১৮ ঃ কার্তিক দাস বাউল
১০ই মার্চ, ২০১৮ ঃ নাটক 'মেঘনাদিং হ গীতিকা' (সম্পাদনা, নির্দেশ না ও অভি নয়ে— গৌতম হালদার, পরিবেশ নায়- নয়ে নটুয়া)
১১ই মার্চ, ২০১৮ ঃ নাটক 'মগল রাজার পালা' (সঙ্গীত ও নির্দেশ নায়- সুজ ন মুখে াপাধ্যায় (নীল), পরিবেশ নায়- চেতনা, অভি নয়ে- নীল ও কাঞ্চন)
বিনীত
মানস মজুমদার (বিধায়ক)
(সভাপতি, গোঘাট গ্রন্থমেলা কমিটি)
গ্রন্থমেলা কমিটির পক্ষে প্রচারে-
তপন মণ্ডল(কার্যকরী সভাপতি, গোঘাট গ্রন্থমেলা কমিটি)
মনোরঞ্জন পাল (কার্যকরী সম্পাদক, গোঘাট গ্রন্থমেলা কমিটি)

৭৮৬/৯২
দাদা হুজুর
বড় হুজুর
দাদা হুজুরের প্রতিষ্ঠিত উরুস
১১৭ তম উরুস মোবারক
১৪ই ফাল্গুন-(ইং-১লা মার্চ২০১৮) বৃহস্পতিবার
আগত মেহমানদের জানাই সুস্বাগতম
সৌজন্যে- হোরপুর সাহিয়েদীয়া অনাথ সোসাইটি

বেড়াতে আসুন কামারপুকুরে
কামারপুকুর মঠের মেইন গেটের পাশে থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে
যোগাযোগ ঃ বাসুদেব লজ, কামারপুকুর
ফোন ঃ ৯৭৩৩৫৯৫৬৬৯

হতাশ জীবনে আশার আলো.....
জার্মান হোমিও কেয়ার
Mob.-9674533162/7890779979
SEX, প্রবলেম - যৌন সমস্যা
●সহবাসে অক্ষমতা ●ইন্দ্রিয় শিথিলতা ●শীঘ্র পতন ●ইন্দ্রিয় ছোট, ইন্দ্রিয় সরু ●উত্তেজনার অভাব ○স্বপ্নদোষ ●ধাতু দৌরল্য ●ধাতু ক্ষয় ●সিফলিস ●গনোরিয়া ●ফাইমোসিস
সহ যাবতীয় নারী-পুরুষ যৌন ও গুপ্ত রোগের সুচিকিৎসা দিন।
১০০% সুচিকিৎসা দিন
☆ গোপনে মদ, গাঁজা, ড্রাগস, সিগারেট ও হেরোইন, ইঞ্জেকশান যাবতীয় নেশা ছাড়ানো হয়।
☆মহিলাদের বন্ধ সৌন্দর্য্য ☆যাবতীয় চুলের সমস্যার সমাধান করা হয় ☆ত্বক, ফিসচুলা, হাঁপানী, ডায়াবেটিস ☆ব্রণ, চর্মরোগ, পেটের রোগ ☆রোগ থেকে মোটা-মোটা থেকে রোগা
আগে থেকে ফোনে নাম নথিভুক্ত করে আসুন।
দমদম জংশন
ইন্দিরা মন্ডলদের বিপরীতে
প্রতি সোম ও শুক্র
সকাল ৯টা থেকে সন্ধ্যে ৭টা

নিরোগ ডায়গনস্টিক
আরামবাগ, কোর্টরোড, হুগলী Ph : 03211-256950 Mob. 9732843677
MRI
3D Multi Slice CT Scan
Digital X-Ray
Colour Doppler
Ultrasonography
Echocardiography
2DM Mode & colour
Holter Monitor
Endoscopy
Colonoscopy
EMG
NCV
EGG
Pathology
FNAC